

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৬৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ফারায়িয (মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয়) ও অন্তিম উপদেশ বা আদেশ)

### আরবী

وَعَنْ تَمِيمٍ الدَّارِيِّ قَالَ: سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا السُّنَةُ فِي الرَّجُلِ مِنْ أَهْلِ الشِّرْكِ يُسْلِمُ عَلَى يَدَيْ رَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ؟ فَقَالَ: «هُوَ أَوْلَى النَّاسِ بِمَحْيَاهُ وَمَمَاتِهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَالدَّارِمِيُّ

#### বাংলা

৩০৬৪-[২৪] তামীম আদ্ দারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, শারী'আতে একজন মুশরিক কোনো মুসলিমের হাতে ইসলাম গ্রহণ করেছে, তার (উত্তরাধিকারের) হুকুম কি? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, সে মুসলিম তার নিকটতম ব্যক্তি তার জীবনে ও মরণে। (তিরমিযী, ইবনু মাজাহ ও দারিমী)[1]

## ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২১১২, আবূ দাউদ ২৯১৮,ইবনু মাজাহ ২৭৫২, দারিমী ৩০৩৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি জিজ্ঞাসার উত্তর দিচ্ছেন, মুশরিকদের মধ্য থেকে যদি কোনো ব্যক্তি অপর কোনো মুসলিমের হাতে ইসলাম গ্রহণ করে তাহলে ঐ ব্যক্তির ব্যাপারে শারী আতের বিধান কী? তথা যার হাতে ইসলাম গ্রহণ করেছে সে কি ঐ লোকটির অভিভাবক হবে? ঐ লোকটির মৃত্যুর পর পরিত্যক্ত সম্পদের কে মালিক হবে? তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বলেন- যদি কোনো উত্তরাধিকারী না থাকে তাহলে যার হাতে ইসলাম গ্রহণ করেছে সেই ইসলাম গ্রহণকারী ব্যক্তির জীবনে ও মরণে সবচেয়ে নিকটতর ব্যক্তি। অর্থাৎ- ওয়ারিসদের অনুপস্থিতিতে ঐ লোকটিই তার সম্পদের মালিক হবে। (তুহফাতুল আহওয়ায়ী ৫ম খন্ড, হাঃ ২১১২; মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ তামীম আদ্ দারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন